

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

## অর্থাভাবে ৩টি বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ স্থগিত রয়েছে

শিক্ষামন্ত্রী

সংসদ বার্তা পরিবেশক ঃ শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল সংসদে জানিয়েছেন, গত সরকারের আমলে হাতে নেয়া ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৬টির নির্মাণকাজ শুরু হয়েছিল। চলতি বছরে আর্থিক সম্ভুলান না হওয়ার কারণে রংপুরসহ ৩টি বিশ্ববিদ্যালয়ের কাজ স্থগিত রাখা হয়েছে। পরবর্তীতে অর্থ পাওয়া সাপেক্ষে এ ৩টি বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু করা হবে।

জাতীয় পার্টির সংসদ সদস্য গোলাম মোহাম্মদ কাদেরের এক জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে মন্ত্রী এ কথা বলেন।

গোলাম মোহাম্মদ কাদের নোটিশে বলেন, রংপুর শহরের কোরানি পাড়ায় রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা হয়েছিল। চলতি বছর তিনটি ফ্যাকালটিতে ছাত্রছাত্রী ভর্তির প্রস্তুতি চলতে থাকে। সম্ভ্রতি একটি সরকারি আদেশে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থগিত করা হয়।